সংবাদ

তারিখ ... 1 9 OCT 2002
পৃষ্ঠা ... কলাম ...

ctober 2002

# ঢা.বি উপাচার্যের সঙ্গে ম্যাসাচুসেটস বিশ্ববিদ্যালয়ের শিক্ষকের সাক্ষাৎ

যুক্তরাষ্ট্রের ম্যাসাচুসেটস বিশ্ববিদ্যালয়ের স্কুল অফ পাবলিক হেলথের অধ্যাপক ইমেরিটাস ড. জর্জ পি সেরনেডা শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এস. এম. এ ফায়েজের সঙ্গে তার অফিসে সাক্ষাৎ করেন। এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয় পপুলেশন সায়েন্সেস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক এ. কে. এম নুর-উন-নবী উপস্থিত ছিলেন।

তারা পপুলেশন সায়েন্সেস বিভাগের কর্মকাণ্ড নিয়ে আলোচনা করেন। অধ্যাপক সেরনেডা ১০ই অক্টোবর পপুলেশন সায়েন্সেস বিভাগে এসেছেন এবং ২০শে অক্টোবর পর্যন্ত তিনি ওই বিভাগের সঙ্গে থেকে বিভাগীয় শিক্ষা কর্মকাণ্ড পর্যবেক্ষণ করবেন। সংবাদ বিজ্ঞপ্তি।